রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ।

**এস,আর,ও নং ৬৮-আইন/২০২৪।**—বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন)এর ধারা ১৭এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'আইন'**অর্থ বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন);

(২) **'আচরণবিধি'** অর্থ বিধি ১৯এ বর্ণিত আচরণবিধি;

(৩) **'আপিল কর্তৃপক্ষ'**অর্থ বিধি ১৭এর অধীন নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ;

(৪) **'ট্যুর গাইড'** অর্থ আইনের ধারা ৭ এবং বিধি ৫এর অধীন নিবন্ধিত ট্যুর গাইড;

(৫) **'নিবন্ধন কর্তৃপক্ষ'** অর্থ আইনের ধারা ৩এর অধীন নির্ধারিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(৬) **'নিবন্ধন নবায়ন সনদ'** অর্থ ফরম-৪ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ;

(৭) **'নিবন্ধন সনদ'** অর্থ ফরম-২ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ; এবং

(৮) **'ফরম'** অর্থ এই বিধিমালার ফরম।

৩। **নিবন্ধন সনদের জন্য আবেদন।**—(১) কোনো ব্যক্তি ট্যুর গাইড হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে, তাহাকে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম-১ অনলাইনে পূরণপূর্বক নিবন্ধন সনদের জন্য আবেদন করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারীর জীবনবৃত্তান্ত;

(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) আবেদনকারীর নামে নিবন্ধিত মোবাইল নম্বর ও ই-মেইল;

(ঘ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(ঙ) ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি;

(চ) ব্যাবসায়িক ঠিকানা (উহার স্বপক্ষে প্রমাণপত্র হিসাবে জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি);

(ছ) ট্যুর গাইড হিসাবে প্রাপ্ত প্রশিক্ষণ,যদি থাকে, উহার সনদের সত্যায়িত অনুলিপি;

(জ) ভ্রমণ সেবা, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন বা পরিভ্রমণসহ অন্যান্য আনুষঙ্গিক পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া ট্যুর গাইড হিসাবে দায়িত্ব পালনকালে পর্যটকগণকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা; এবং

(ঝ) আবেদন ফি বাবদ ৩ (তিন) হাজার টাকা সরকার কর্তৃক নির্ধারিত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে অথবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনে জমা প্রদানপূর্বক উক্ত ট্রেজারি চালান বা অনলাইন ফি পরিশোধের মূল মূলকপি।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১)এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যেকোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

(৩) বিদেশে অবস্থানরত কোনো বাংলাদেশি নাগরিক ট্যুর গাইড হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট বিধি ৩ এর উপবিধি (১)এ উল্লিখিত কাগজপত্রসহ ফরম-১ অনলাইনে পূরণপূর্বক নিবন্ধন সনদের জন্য আবেদন করিতে হইবে।

৪। **বিদেশি ব্যক্তি কর্তৃক ট্যুর গাইড হিসাবে কার্যক্রম পরিচালনা পদ্ধতি।**—(১) বিদেশি কোনো ব্যক্তি ট্যুর গাইড হিসাবে বাংলাদেশের অভ্যন্তরে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে আইনের ধারা ৪ এর উপধারা (২) অনুযায়ী সরকারের পূর্বানুমতি গ্রহণ করিয়া নিবন্ধন কর্তৃপক্ষের নিকট বিধি ৩ এর উপবিধি (১) এ উল্লিখিত কাগজপত্রসহ ফরম-১ অনলাইনে পূরণপূর্বক নিবন্ধন সনদের জন্য আবেদন করিতে হইবে।

(২) বিদেশি ব্যক্তিকে আইনের অধীন নিবন্ধিত ট্যুর অপারেটরের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং ট্যুর অপারেটর কর্তৃক ট্যুর গাইডকে প্রদানকৃত অন্তর্ভুক্তীকরণ প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(৩) বিদেশি ট্যুর গাইড বাংলাদেশের অভ্যন্তরে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহার প্রদত্ত তথ্যাদি যাচাইপূর্বক প্রদত্ত প্রত্যয়ন এবং পাসপোর্টএর অনুলিপি দাখিল করিতে হইবে।

৫। **নিবন্ধন সনদ প্রদান ও মেয়াদ।**—(১) বিধি ৩ বা, ক্ষেত্রমত, বিধি ৪ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, সংশ্লিষ্ট কোডে ১০(দশ) হাজার টাকা নিবন্ধন ফি এবং সার্ভিস চার্জ বাবদ ১ (এক) হাজার টাকা ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে এবং আবেদনকারী উক্তরূপে অবহিত হইবার ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন ফি এবং সার্ভিস চার্জ জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন;

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(২) উপবিধি ১ এর দফা (ক)এর অধীন নিবন্ধন সনদ ফি এবং সার্ভিস চার্জ প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে আইনের ধারা ৭ এর উপধারা (১) এর দফা (ক) এবং ধারা ৮ এর উপধারা (১)এর বিধান অনুসারে ৩ (তিন) বৎসরের জন্য ফরম-২ অনুযায়ী আবেদনকারী বরাবর নিবন্ধন সনদ ইস্যু করিবে এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক প্রশিক্ষণ প্রদান করিবে।

(৩) উপবিধি (১) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী নামঞ্জুরের বিষয়ে অবহিত হইবার পরবর্তী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-৫এর মাধ্যমে পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন এবং নিবন্ধন কর্তৃপক্ষ উক্তরূপ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করিবে।

(৪) নিবন্ধন প্রাপ্তির পর হইতে প্রতিবৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের সেবা গ্রহণকারী দেশি-বিদেশি পর্যটকদের তথ্যসংবলিত প্রতিবেদন ট্যুর অপারেটরের অধীন কর্মরত নিবন্ধিত ট্যুর গাইডকে সংশ্লিষ্ট ট্যুর অপারেটরের মাধ্যমে এবং নিজ উদ্যোগে পরিচালিত ট্যুর গাইডকে স্বউদ্যোগে বাৎসরিক প্রতিবেদন নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

৬। **নিবন্ধন নবায়ন সনদের জন্য আবেদন।**—(১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে অথবা আইনের ধারা ৮ এর উপধারা (৪) মোতাবেক জরিমানা প্রদানসাপেক্ষে নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিবন্ধন নবায়ন সনদের জন্য বিধি ৩ এর উপবিধি (১) এ উল্লিখিত কাগজপত্রসহ ফরম-৩ অনলাইনে পূরণপূর্বক নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১)এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যেকোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে এবং সরেজমিন যাচাই করিতে পারিবে।

৭। **নিবন্ধন নবায়ন সনদ প্রদান ও মেয়াদ।**—(১) বিধি ৬ এর এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, সংশ্লিষ্ট কোডে ১০ (দশ) হাজার টাকা নিবন্ধন নবায়ন সনদ ফি এবং সার্ভিস চার্জ বাবদ ১ (এক) হাজার টাকা ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে এবং আবেদনকারী উক্তরূপে অবহিত হইবার ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন নবায়ন সনদ ফি এবং সার্ভিস চার্জ জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(খ) নিশ্চিত না হইলে, নিবন্ধন নবায়নসনদের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(২) উপবিধি ১ এর দফা (ক)এর অধীন নিবন্ধন নবায়ন সনদ ফি এবং সার্ভিস চার্জ প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ আইনের ধারা ৮ এর উপধারা (১) এবং উপধারা (৩) এর দফা (ক)এর বিধান অনুসারে পূর্ববর্তী নিবন্ধনের মেয়াদ শেষ হইবার পর হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য ফরম-৪ অনুযায়ী আবেদনকারী বরাবর নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করিবে।

(৩) উপবিধি (১) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী নামঞ্জুরের বিষয়ে অবহিত হইবার পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-৫ অনুসারে পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন এবং নিবন্ধন কর্তৃপক্ষ উক্তরূপ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করিবে।

৮। **নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করা না হইলে নিবন্ধন সনদ নবায়নের পদ্ধতি।**—(১) আইনের ধারা ৮ এর উপধারা (২) অনুযায়ী নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নবায়নের আবেদন দাখিল করিবার ইচ্ছা পোষণ করিয়া নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করা হইলে নিবন্ধন কর্তৃপক্ষ শুনানি গ্রহণ করিয়া নিম্নবর্ণিতভাবে জরিমানা নির্ধারণপূর্বক উক্ত জরিমানার অর্থ সংশ্লিষ্ট কোডে জমা প্রদানপূর্বক নিবন্ধন নবায়ন সনদের আবেদন দাখিলের অনুমতি প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) আইনের ধারা ৮ এর উপধারা (২) অনুযায়ী জরিমানা ব্যতীত আবেদনের নির্ধারিত সময় উত্তীর্ণের পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে আবেদন করিলে ৫(পাঁচ) হাজার টাকা;

(খ) দফা (ক)এ উল্লিখিত সময়ের পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে আবেদন করিলে ৭(সাত) হাজার টাকা; এবং

(গ) দফা (খ)এ উল্লিখিত সময়ের পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে আবেদন করিলে ১০ (দশ) হাজার টাকা।

(২) উপবিধি (১)এ বর্ণিত আবেদন দাখিলের ক্ষেত্রে বিধি ৬এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

(৩) কোনো ট্যুর গাইড উপবিধি (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে জরিমানা প্রদানপূর্বক নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে, উক্ত সনদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে।

৯। **ডুপ্লিকেট সনদ ইস্যু ও মেয়াদ।**—(১) কোনো কারণে ট্যুর গাইডের অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন সনদ বা নবায়নকৃত নিবন্ধন সনদ বিনষ্ট হইলে অথবা হারাইয়া গেলে উক্ত ট্যুর গাইড যুক্তিসংগত কারণ, সংশ্লিষ্ট থানায় অন্তর্ভুক্ত সাধারণ ডায়েরির অনুলিপি ও সংশ্লিষ্ট প্রমাণপত্রসহ, যদি থাকে, ডুপ্লিকেট সনদ ইস্যুর জন্য সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে ৩ (তিন) হাজার টাকা ফি জমা প্রদানপূর্বক নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে।

(২) উপবিধি (১)এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদনকারীর অনুকূলে সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ফরম-২ অনুযায়ী আবেদনকারীকে ডুপ্লিকেট মুদ্রিত সিলসহ সনদ ইস্যু করিবে; এবং

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) ডুপ্লিকেট সনদের মেয়াদ হইবে উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে, মূল নিবন্ধন সনদ অথবা, ক্ষেত্রমত, নিবন্ধন নবায়ন সনদের অবশিষ্ট মেয়াদকাল পর্যন্ত।

১০। **নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল প্রক্রিয়া।**-(১) নিবন্ধন কর্তৃপক্ষ আইনের ধারা ১০ এর উপধারা (১)এর বিধান অনুসারে উপযুক্ত তদন্ত ও শুনানির সুযোগ প্রদানপূর্বক কোনো ট্যুর গাইডের নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল করিতে পারিবে, যথা:—

(ক) মিথ্যা তথ্য প্রদানপূর্বক বা প্রতারণার মাধ্যমে নিবন্ধন সনদ গ্রহণ করিলে;

(খ) আইন, বিধি বা নিবন্ধন সনদের কোনো শর্ত ভঙ্গ করিলে;

(গ) ট্যুর গাইড এর জন্য নির্ধারিত আচরণবিধির কোনো বিধান লঙ্ঘন করিলে;

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন না করিলে;

(ঙ) নিবন্ধন সনদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যক্তি কোনো ফৌজদারি অপরাধে দণ্ডিত হইলে অথবা বিজ্ঞ আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে;

(চ) বিধি ১৬এ বর্ণিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে প্রতিপালন না করিলে; অথবা

(ছ) বিধি ৫ এর উপবিধি (৪) অনুযায়ী প্রতিবেদন দাখিল না করিলে।

(২) উপবিধি (১) অনুযায়ী নিবন্ধন সনদ স্থগিত বা বাতিলের পূর্বে আইনের ধারা ১০ এর উপধারা (১) মোতাবেক তদন্তসাপেক্ষে সংশ্লিষ্ট ট্যুর গাইডকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে এবং ট্যুর গাইডকে নোটিশ প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রদান করিতে হইবে।

(৩) কোনো ট্যুর গাইড উপবিধি (২) অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদানে ব্যর্থ হইলে যথাযথ কারণ উল্লেখপূর্বক উক্ত সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবে।

(৪) উপবিধি (৩)এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার যথার্থতা যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে অনধিক ৭ (সাত) কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৫) উপবিধি (২) অনুযায়ী কারণ দর্শানোর নোটিশ জারি অথবা, ক্ষেত্রমত, উপবিধি (৪) অনুযায়ী সময় বৃদ্ধি করা হইলে, উহার পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে শুনানি সম্পন্ন করিতে হইবে।

(৬) উপবিধি (৫) অনুযায়ী শুনানি সম্পন্ন হইবার পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ স্থগিত বা বাতিলের সিদ্ধান্তটি সংশ্লিষ্ট ট্যুর গাইডকে অবহিত করিতে হইবে।

১১। **ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তন।**—(১) কোনো ট্যুর গাইড ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তন করিতে চাহিলে, তাহাকে আইনের ধারা ৯ এর উপধারা (৩) অনুসরণপূর্বক ফরম-৬ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপবিধি (১) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে নিবন্ধন কর্তৃপক্ষ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তনের বিষয়টি নিষ্পত্তি করিবে।

১২। **নিবন্ধন সনদের তথ্য সংরক্ষণ।**—প্রতিটি নিবন্ধন সনদের বিস্তারিত তথ্যাদি নিবন্ধন কর্তৃপক্ষের দপ্তরে ডেটাবেজ আকারে অনলাইন ও অফলাইনে সংরক্ষণ করিতে হইবে।

১৩। **নিবন্ধন সনদ প্রদর্শন।**—প্রত্যেক ট্যুর গাইড তাহার কর্মস্থলের দৃশ্যমান স্থানে বা সর্বসাধারণের দৃষ্টিগোচর হয়, এইরূপ স্থানে নিবন্ধন সনদ অথবা, ক্ষেত্রমত, নিবন্ধন নবায়ন সনদ প্রদর্শনের ব্যবস্থা করিবেন এবং নিবন্ধন সনদ নম্বর সংবলিত পরিচয়পত্র বহন করিবেন।

১৪। **তথ্য প্রদান।**—সরকার বা নিবন্ধন কর্তৃপক্ষ, প্রয়োজনে, যেকোনো সময়ে ট্যুর গাইডের নিকট হইতে তাহার ব্যবসায়সম্পর্কিত যেকোনো তথ্য প্রদানের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং ট্যুর গাইড উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৫। **পেশার সমাপ্তি ও নিবন্ধন সনদ সমর্পণ, ইত্যাদি।**—কোনো ট্যুর গাইড তাহার পেশা সমাপ্ত করিতে চাহিলে তিনি অন্যূন ১ (এক) মাস পূর্বে নিবন্ধন কর্তৃপক্ষকে লিখিতভাবে পেশা সমাপ্ত করিবার অভিপ্রায় ব্যক্ত করিবেন এবং পেশা সমাপ্ত করিবার তারিখ হইতে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে, সংশ্লিষ্ট ট্যুর গাইডকে উহার মূল নিবন্ধন সনদ বা, ক্ষেত্রমত, নিবন্ধন নবায়ন সনদ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করতে হইবে।

১৬। **ট্যুর গাইডের দায়িত্ব ও কর্তব্য।**—(১)একজন ট্যুর গাইডের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কোনো পর্যটন আকর্ষণ বা দর্শনীয় স্থান ভ্রমণের পূর্বে উহার আবহাওয়া ও পরিবেশগত আগাম তথ্যাদি সংগ্রহ করা;

(খ) ভ্রমণের পূর্বে পর্যটককে পর্যটন গন্তব্য বা আকর্ষণ সম্পর্কে অবহিত করা;

(গ) পর্যটন আকর্ষণ সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকা এবং পর্যটককে যথাযথ তথ্য প্রদান করা;

(ঘ) সময়ানুবর্তিতা ও পেশাদারিত্ব বজায় রাখা;

(ঙ) পর্যটকদের করণীয় এবং বর্জনীয় সম্পর্কে অবহিত করা;

(চ) পরিবেশ-প্রতিবেশ বজায় রাখা এবং দায়িত্বশীল পর্যটন সম্পর্কে অবগত করা;

(ছ) পর্যটকদের চাহিদা অনুযায়ী নির্ধারিত ভ্রমণসূচি বাস্তবায়ন এবং ভ্রমণসূচিতে উল্লিখিত সেবা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা;

(জ) পর্যটকের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতকরণে কার্যক্রম গ্রহণ করা;

(ঝ) পর্যটকের স্বাস্থ্যগত ও অন্যান্য সুবিধা-অসুবিধা বিবেচনায় নেওয়া;

(ঞ) সহজ, নিরাপদ ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিতকরণে পর্যটককে সহায়তা করা;

(ট) আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও বিধি-নিষেধ সম্পর্কে পর্যটককে অবহিত করা;

(ঠ) প্রতিকূল পরিস্থিতিতে পর্যটককে সাধ্যমতো সহায়তা করা;

(ড) ভ্রমণকালীন কোনো পর্যটক ট্যুর গাইডের অবহেলা বা উদাসীনতার জন্য কোনোরূপ ক্ষতির স্বীকার হইলে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্যুর গাইড কর্তৃক ক্ষতিগ্রস্ত পর্যটককে ক্ষতিপূরণ প্রদান করা।

(২) উপবিধি ১ এর দফা (ড) এ বর্ণিত ক্ষতিপূরণ প্রদানে সংশ্লিষ্ট ট্যুর গাইড কোনো প্রকার ব্যত্যয় করিতে পারিবেন না এবং কোনো ট্যুর গাইড উক্ত ক্ষতিপূরণ প্রদান না করিলে এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট পর্যটক প্রমাণাদিসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট অভিযোগ উত্থাপন করিতে পারিবেন।

(৩) উপবিধি (২) এর অধীন কোনো অভিযোগ উত্থাপন করা হইলে নিবন্ধন কর্তৃপক্ষ উক্ত অভিযোগ প্রাপ্তির ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিবে।

১৭। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ।**—আইনের ধারা ১২ এর উদ্দেশ্যপূরণকল্পে,সরকার, অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার এক বা একাধিক কর্মকর্তাকে, সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে, আপিল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ প্রদান করিতে পারিবে।

১৮। **আপিল নিষ্পত্তির পদ্ধতি।**—(১) আইনের ধারা ১২ এর উপধারা (১) অনুযায়ী আপিল আবেদনের ক্ষেত্রে উপর্যুক্ত অর্থনৈতিক কোডে ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ২ (দুই) হাজার টাকা ফি জমা প্রদানপূর্বক আপিল কর্তৃপক্ষের নিকট আবেদন করা যাইবে।

(২) আপিল কর্তৃপক্ষ যেরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ তদন্ত ও শুনানি অন্তে আপিল আবেদন নিষ্পত্তি করিবে।

(৩) আপিল কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিবে।

(৪) আপিলের ক্ষেত্রে আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। **আচরণবিধি।**—ট্যুর গাইড এর নিম্নবর্ণিত কার্যাবলি আচরণবিধির পরিপন্থি বলিয়া গণ্য হইবে, যথা:—

(ক) মিথ্যা তথ্য প্রদানপূর্বক বা প্রতারণার মাধ্যমে নিবন্ধন সনদ গ্রহণ করা;

(খ) নিবন্ধন সনদের কোনো শর্ত ভঙ্গ করা;

(গ) আইন এবং ইহার অধীন প্রণীত বিধির বিধানাবলি এবং সরকার কর্তৃক জারীকৃত এতদ্‌সংশ্লিষ্ট প্রজ্ঞাপন, আদেশ বা নির্দেশ প্রতিপালন না করা;

(ঘ) ভ্রমণ সেবা সংক্রান্ত কোনো জালিয়াতি ও অনিয়মের আশ্রয় গ্রহণ করা;

(ঙ) পর্যটকের সহিত চুক্তিবদ্ধ বা প্রতিশ্রুত সেবা প্রদান না করা;

(চ) পর্যটককে মিথ্যা তথ্য প্রদান বা প্রতারণার আশ্রয় গ্রহণ করা;

(ছ) ট্যুর গাইডের কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো কার্যক্রম অবৈধভাবে গ্রহণ করা;

(জ) পর্যটককে কোনো ধরনের হয়রানি করা;

(ঝ) দৈব-দুর্বিপাকে এবং পরবর্তী সময়ে পর্যটককে নিরাপদ রাখিবার চেষ্টা না করা; এবং

(ঞ) নিবন্ধন সনদ বাতিল হওয়া সত্ত্বেও ট্যুর গাইডের কার্যক্রম পরিচালনা করা।

২০। **ফরম সংশোধনের ক্ষমতা।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ফরম সংশোধন করিতে পারিবে।

২১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**ফরম-১**

ছবি

**[বিধি ৩ এর উপবিধি (১) ও (৩) এবং বিধি ৪ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**

**ট্যুর গাইড নিবন্ধন সনদ এর আবেদন ফরম**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিকদিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | (ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৩। | ঠিকানা<br>(ক) স্থায়ী<br>(খ) বর্তমান | <br>:<br>: | |
| ৪। | আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত | : | |
| ৫। | ট্যুর গাইড হিসাবে প্রাপ্ত প্রশিক্ষণ সনদের সত্যায়িত অনুলিপি, যদি থাকে | : | |
| ৬। | জাতীয়তা | : | |
| ৭। | জাতীয় পরিচয়পত্রের নম্বর (NID) ও উহার সত্যায়িত অনুলিপি | : | |
| ৮। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ৯। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন)এর সত্যায়িত অনুলিপি | : | |
| ১০। | ব্যাবসায়িক ঠিকানা<br>টেলিফোন/নিবন্ধিত মোবাইল নম্বর<br>ই-মেইল অ্যাড্রেস | <br>:<br>: | |
| ১১। | ব্যবসায় প্রতিষ্ঠানের বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণক (জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি) | <br>:<br>: | |
| ১২। | প্রবাসী বাংলাদেশি আবেদনকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৩। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে ট্যুর অপারেটর প্রতিষ্ঠানের নাম | : | |
| ১৪। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে ট্যুর অপারেটর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন | : | |
| ১৫। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহাদের প্রদত্ত তথ্যাদি যাচাইপূর্বক প্রত্যয়ন এবং পাসপোর্টএর অনুলিপি | : | |
| ১৬। | ভ্রমণসেবা, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন বা পরিভ্রমণসহ অন্যান্য আনুষঙ্গিক পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া ট্যুর গাইড হিসাবে দায়িত্ব পালনকালে পর্যটকগণকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা | : | |
| ১৭। | আবেদন ফি : ট্রেজারি চালানের নম্বর/অনলাইন ট্রানজেকশন নম্বর (ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে) | : | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদন পত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

ফরম-২

**[বিধি ২ এর দফা (৭), বিধি ৫ এর উপবিধি (২) এবং বিধি ৯ এর উপবিধি (২) এর দফা (ক) দ্রষ্টব্য]**

**ট্যুর গাইড নিবন্ধন সনদ**

**(মনোগ্রাম)**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**ট্যুর গাইড নিবন্ধন সনদ**

**নিবন্ধন সনদ নম্বর:**
**তারিখ:**

**নিবন্ধন সনদ ইস্যুর তারিখ:**
**নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ:**

ছবি

বরাবর
জনাব---------------------
ঠিকানা--------------------

বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন)এর ধারা ৭ এর উপধারা (১) এর দফা (ক) ও ধারা ৮ এর উপধারা (১) এবং বাংলাদেশ ট্যুর গাইড (নিবন্ধন ওপরিচালনা) বিধিমালা, ২০২৪ এর বিধি ৫ এর উপবিধি (২)এর বিধান অনুসারে------- -------------------------------------------কে--------------------------------, তারিখ হইতে-------- ------------------, তারিখ পর্যন্ত, নিবন্ধন সনদের শর্তাবলি সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য ট্যুর গাইড হিসাবে নিবন্ধন করা হইল।

-------------------------
--------------------------
---------------------------
নিবন্ধন কর্তৃপক্ষ

**নিবন্ধন সনদের শর্তাবলি:**

(১) বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ এবং বাংলাদেশ ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ অনুযায়ী ট্যুর গাইডের আচরণ ও কার্যক্রম পরিচালনা করিতে হইবে।

(২) সরকার কর্তৃক,সময় সময়,জারিকৃত এতৎসংশ্লিষ্ট আদেশ প্রতিপালন করিতে হইবে।

(৩) ট্যুর গাইডকে পর্যটককে প্রতিশ্রুত সেবা প্রদান করিতে হইবে।

(৪) ট্যুর গাইড মিথ্যা তথ্য প্রদান বা প্রতারণার আশ্রয় গ্রহণ করিতে পারিবে না।

(৫) ট্যুর গাইডের সহিত সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো কার্যক্রম অবৈধভাবে গ্রহণ করা যাইবে না।

(৬) পর্যটককে কোনো ধরনের হয়রানি করা যাইবে না।

(৭) ট্যুর গাইডকে নিবন্ধন সনদের অনুলিপি কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রর্দশন এবং নিবন্ধন সনদ নম্বর সংবলিত পরিচয়পত্র বহন করিতে হইবে।

(৮) ট্যুর গাইড কোনো প্রকারের বেআইনি কার্যকলাপে অংশগ্রহণ করিতে পারিবে না।

(৯) নিবন্ধন সনদ বাতিল করা হইলে ট্যুর গাইডিং সংশ্লিষ্ট কোনো কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

(১০) বাংলাদেশ ট্যুর গাইড (নিবন্ধন ওপরিচালনা) বিধিমালা, ২০২৪ এ অন্তর্ভুক্ত ট্যুর গাইডের দায়িত্ব-কর্তব্য যথাযথভাবে প্রতিপালন এবং আচরণবিধি মানিয়া চলিতে হইবে।

**ফরম-৩**
**[বিধি ৬ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**

ছবি

**ট্যুর গাইড নিবন্ধন নবায়ন সনদ এর আবেদন ফরম**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√)টিকদিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | (ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৩। | ঠিকানা<br>(ক) স্থায়ী<br>(খ) বর্তমান | <br>:<br>: | |
| ৪। | আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত | : | |
| ৫। | ট্যুর গাইড হিসাবে প্রাপ্ত প্রশিক্ষণ সনদের সত্যায়িত অনুলিপি | : | |
| ৬। | জাতীয়তা | : | |
| ৭। | জাতীয় পরিচয়পত্রের নম্বর (NID) ও উহার সত্যায়িত অনুলিপি | : | |
| ৮। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ৯। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন)ও সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি | : | |
| ১০। | ব্যাবসায়িক ঠিকানা<br>টেলিফোন/নিবন্ধিত মোবাইল নম্বর<br>ই-মেইল | <br>:<br>: | |
| ১১। | ব্যবসায় প্রতিষ্ঠানের বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণক (জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্র) | <br>:<br>: | |
| ১২। | প্রবাসী বাংলাদেশি আবেদনকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৩। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে ট্যুর অপারেটর প্রতিষ্ঠানের নাম | : | |
| ১৪। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে ট্যুর অপারেটর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন | : | |
| ১৫। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক তাহাদের প্রদত্ত তথ্যাদি যাচাইপূর্বক প্রত্যয়ন এবং পাসপোর্ট-এর অনুলিপি | : | |
| ১৬। | ভ্রমণসেবা, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন বা পরিভ্রমণসহ অন্যান্য আনুষঙ্গিক পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া ট্যুর গাইড হিসাবে দায়িত্ব পালনকালে পর্যটনগণকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা | : | |
| ১৭। | আবেদন ফি : ট্রেজারি চালানের নম্বর/অনলাইন ট্রানজেকশন নম্বর (ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৮। | নিবন্ধন সনদ নম্বর (নিবন্ধন সনদের কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৯। | নিবন্ধন সনদ নবায়নের সময় | : | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদন পত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-৪**
**[বিধি ২ এর দফা (৬) এবং বিধি ৭ এর উপবিধি (২) দ্রষ্টব্য]**

**ট্যুর গাইড নিবন্ধন নবায়ন সনদ**

**(মনোগ্রাম)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**মূল নিবন্ধন সনদ নম্বর:**

**মূল নিবন্ধন সনদ ইস্যুর তারিখ :**
**নিবন্ধন নবায়নের সনদ নম্বর:**
**নিবন্ধন নবায়নের সনদ ইস্যুর তারিখ:**
**নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ:**

বরাবর
জনাব---------------------
ঠিকানা--------------------

ছবি

বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন) এর ধারা ৮ এর উপধারা (১) ও ধারা ৮ এর উপধারা (৩) এর দফা (ক) এবং বাংলাদেশ ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ এর বিধি ৭ এর উপবিধি (২) অনুসারে ------------------------------কে-------------------------,তারিখ হইতে-------------------------, মূল নিবন্ধন সনদের শর্ত সাপেক্ষে,...................তারিখ পর্যন্ত ৩ (তিন) বৎসরের জন্য ট্যুর গাইড নিবন্ধন সনদ নবায়ন করা হইল।

----------------------
---------------------
--------------------
নিবন্ধন কর্তৃপক্ষ

**ফরম-৫**

**[বিধি ৫ এর উপবিধি (৩) এবং বিধি ৭ এর উপবিধি (৩) দ্রষ্টব্য]**

**নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদ ইস্যুর ক্ষেত্রে পুনর্বিবেচনার আবেদন**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি (নিবন্ধন নবায়ন সনদ ইস্যুর ক্ষেত্রে) | : | |
| ৩। | আবেদন নামঞ্জুরের আদেশ | : | |
| ৪। | আবেদন পুনর্বিবেচনার যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যাদি | : | |

স্বাক্ষর

(আবেদনকারীর পূর্ণ নাম)

সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

ফরম-৬
**[বিধি১১ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**

ছবি

**ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তন এর আবেদন ফরম**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর (NID) ও উহার সত্যায়িত অনুলিপি | : | |
| ৩। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ৪। | প্রস্তাবিত ব্যাবসায়িক ঠিকানার বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণক (জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্র) | <br>:<br>: | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মোকাম্মেল হোসেন**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd